গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং- ৩৪.০০.০০০০.০৪৩.০১৬.১৫৩.১৮-১০০

তারিখঃ ৩০ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
১৪ মার্চ, ২০১৮ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ ২৫ মার্চ গণহত্যা দিবস ২০১৮-পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়নের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ আসাদুল ইসলাম<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ১১-০৩-২০১৮ খ্রি. |
| সময় | : সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সদস্যদের পরিচিতি প্রদানের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয়) সভায় ২৫ মার্চ গণহত্যা দিবস ২০১৮-পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচির আলোকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়সমূহ উপস্থিত সদস্যবৃন্দকে অবহিত করেন। গণহত্যা দিবস ২০১৮-পালন এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে গত ০৭-০১-২০১৮ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রীর সভাপতিতে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে জাতীয় কর্মসূচির সিদ্ধান্তের ক্রমিক নং ০৭ এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচির সিদ্ধান্তের ক্রমিক নং ০৪, ১০, ১১, ২৫-এ বর্ণিত কর্মসূচিসমূহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট। ২৫ মার্চ ব্ল্যাক আউট কর্মসূচি, ২৬ মার্চ জাতীয় পতাকা উত্তোলন, আলোকসজ্জা ইত্যাদি বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত সভাকে অবহিত করা হয়। সভাপতি যথাযথ মর্যাদার সাথে কর্মসূচিসমূহ উদযাপনের জন্য সকলের মনোযোগ আকর্ষণ করেন। কর্মসূচিসমূহ বাস্তবায়নে যেন কোন শৈথিল্য বা ত্রুটি বিচ্যুতি না থাকে সেদিকে সুনজর রেখে সর্বোচ্চ সতর্কতার সাথে কাজ করার জন্য তিনি সকলকে অনুরোধ করেন। অতঃপর বর্ণিত কর্মসূচির সফল বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি ২৬ মার্চ, ২০১৮ এর জাতীয় কর্মসূচি আয়োজন সম্পর্কে সভাকে বিস্তারিত অবহিত করেন। তিনি জানান যে, ২৬ মার্চ, ২০১৮-এর মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের জাতীয় কর্মসূচিতে প্রতি বছরের মত এবারও বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ অনুষ্ঠিত হবে এবং উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এবিষয়ে প্রস্তুতিমূলক কাজ চলমান রয়েছে। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে মার্চ, ২০১৮ মাসে অনুষ্ঠিতব্য বিভিন্ন কর্মসূচি সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান যে, ১০ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম জেলা প্রশাসক, ঢাকা এর নিকট হস্তান্তরের সিদ্ধান্ত আছে। এ প্রসঙ্গে তিনি উল্লেখ করেন যে, ১০-১৬ মার্চ, ২০১৮ সময়ে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বাংলাদেশ যুব গেমস-২০১৮ অনুষ্ঠিত হচ্ছে। এছাড়াও বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের সাফল্য উদযাপন উপলক্ষ্যে ২২ মার্চ-২০১৮ তারিখে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে বরাদ্দ প্রদান করতে হবে। সভাপতি মার্চ মাসে বঙ্গবন্ধু জাতীয়

স্টেডিয়ামে বিভিন্ন অনুষ্ঠান থাকায় জাতীয় ক্রীড়া পরিষদ-কে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়া ২৬ মার্চ এর অনুষ্ঠানে নিরাপত্তার বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য আর্চওয়ে স্থাপনসহ বিভিন্ন ব্যবস্থা গ্রহণের জন্য তিনি দিক নির্দেশনা প্রদান করেন।

বাংলাদেশ রোইং ফেডারেশন এর সহ-সভাপতি সভায় অবহিত করেন যে, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে প্রতি বছরের ন্যায় এ বছরও হাতির ঝিলে নৌকাবাইচ প্রতিযোগিতার আয়োজন করা হবে।

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) ডাইরেক্টর (ট্রেনিং) জানান যে, ঢাকার কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়াম ২৬ মার্চ, ২০১৮ তারিখে প্রায় সাবেক ও বর্তমান জাতীয় দলের খেলোয়াড়দের সমন্বয়ে প্রীতি ফুটবল টুর্ণামেন্ট আয়োজন করা হবে।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের প্রতিনিধি সভায় জানান যে, ২৬ মার্চ, ২০১৮ তারিখে সাবেক ও বর্তমান জাতীয় দলের খেলোয়াড়দের সমন্বয়ে প্রীতি টি-টুয়েন্টি ক্রিকেট ম্যাচ খেলার আয়োজন করা হবে।

বাংলাদেশ কাবাডি ফেডারেশনের প্রতিনিধি জানান যে, সারা দেশে বর্তমানে কাবাডি প্রতিযোগিতা চলমান আছে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে প্রতি বছরের ন্যায় এ বছরও উক্ত প্রতিযোগিতার ফাইনাল ঢাকায় অনুষ্ঠিত হবে।

২। আলোচনা ও উত্থাপিত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (ক) | ২৫ মার্চ গণহত্যা দিবস পালন উপলক্ষে আগামী ২৫-০৩-২০১৮ তারিখ রাত ০৯-০০ থেকে ০৯-০১ মিনিট পর্যন্ত ১ মিনিটের জন্য মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থা প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে প্রতীকি ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত)। | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর<br>মহাপরিচালক, বিকেএসপি<br>পরিচালক, ক্রীড়া পরিদপ্তর<br>সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন<br>সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ<br>পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| (খ) | মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার প্রধান কার্যালয়, মাঠ পর্যায়ের সকল কার্যালয় ২৬-০৩-২০১৮ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত People's Republic of Bangladesh Flag Rules, 1972 অনুসরণ করতে হবে। ফ্ল্যাগ রুলসটি নিম্ন বর্ণিত ওয়েব সাইটে পাওয়া যাবে- *lib.pmo.gov.bd/legalms/pdf/national-flag-rules.pdf* | |
| (গ) | যুব ভবন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, বিকেএসপি, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে ২৬-০৩-২০১৮ তারিখে (সন্ধ্যা থেকে রাত পর্যন্ত) আলোকসজ্জার আয়োজন করা। | |
| (ঘ) | ঘোষণাকৃত সরকারি ছুটির দিনে সকল কর্মকর্তা/কর্মচারীকে রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিতকরণ। | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর<br>মহাপরিচালক, বিকেএসপি<br>পরিচালক, ক্রীড়া পরিদপ্তর<br>সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন<br>সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ |
| (ঙ) | ২৬ মার্চ ২০১৮ তারিখে বিকেএসপির প্রশিক্ষণার্থী হোস্টেলসমূহে উন্নতমানের খাবার পরিবেশন। | মহাপরিচালক, বিকেএসপি |

| | | |
|---|---|---|
| (চ) | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে 'বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম' জেলা প্রশাসক, ঢাকা-কে বুঝিয়ে দেয়া। | সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ |
| (ছ) | বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রয়োজনীয় সংস্কার, পরিস্কার পরিচ্ছন্নতা ও রং করণের কাজ সম্পন্ন করা। | সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ<br>জেলা প্রশাসক, ঢাকা |
| (জ) | মাননীয় প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের ভিভিআইপি গেট দিয়ে আগমন ও প্রস্থান নির্বিঘ্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং লিফটটি যেন সচল থাকে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। | |
| (ঝ) | ক্রীড়া পরিদপ্তর কর্তৃক সকল জেলা ও উপজেলায় স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে ক্রীড়া অনুষ্ঠান-এর আয়োজন করবে। | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর/জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| (ঞ) | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে হাতির ঝিলে নৌকাবাইচ প্রতিযোগিতার আয়োজন। এ অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে আমন্ত্রনের বিষয়টি নিশ্চিত করা। | সভাপতি, বাংলাদেশ রোইং ফেডারেশন/ সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ। |
| (ট) | শেরে বাংলা ক্রিকেট স্টেডিয়ামে ২৬ মার্চ, ২০১৮ তারিখে জাতীয় দলের সাবেক ও বর্তমান খেলোয়াড়দের মধ্যে প্রীতি টি-টুয়েন্টি ক্রিকেট ম্যাচ আয়োজন করা। | প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ক্রিকেট বোর্ড/সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ। |
| (ঠ) | ঢাকার কমলাপুরস্থ বীর শ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়ামে ২৬ মার্চ, ২০১৮ তারিখে জাতীয় দলের বর্তমান ও সাবেক খেলোয়ারদের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ আয়োজন করা। | সভাপতি, বাংলাদেশ ফুটবল ফেডারেশন/ সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ। |
| (ড) | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে বাংলাদেশ কাবাডি ফেডারেশন জোনাল ও সার্ভিস টিম মধ্যে কাবাডি প্রতিযোগিতার আয়োজন করা। | বাংলাদেশ কাবাডি ফেডারেশন/ সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ। |
| (ঢ) | ভলিবল ফেডারেশন কর্তৃক অন্যান্য বছরের ন্যায় এবছরও বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা। | সভাপতি, বাংলাদেশ ভলিবল ফেডারেশন/ সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ। |
| (ন) | জাতীয় মহিলা ক্রীড়া সংস্থা কর্তৃক মহিলাদের জন্য প্রীতি ক্রীড়া অনুষ্ঠান এর আয়োজন করা। | জাতীয় মহিলা ক্রীড়া সংস্থা/ সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ। |

৩। দিবসটি পালন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে জাতীয় কর্মসূচীতে বর্ণিত টুর্ণামেন্ট/ম্যাচ আয়োজনের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট ফেডারেশন/সংস্থাকে বরাদ্দকৃত অর্থ প্রদান করা হবে।

৪। অতঃপর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪/০৩/২০১৮
মোঃ আসাদুল ইসলাম
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং- ৩৪.০০.০০০০.০৪৩.০১৬.১৫৩.১৮-১০০

তারিখঃ ৩০ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
১৪ মার্চ, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিতরণ কার্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারী পরিবহণ পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

২। অতিরিক্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

-১০৩

৩। মহা-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।

৪। যুগ্ম-সচিব (প্রশাসন)/(বাজেট)/(সমন্বয়)/(যুব-১)/(যুব-২)/(ক্রীড়া-১)/(ক্রীড়া-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

৫। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।

৬। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।

৭। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।

৮। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ (পুরাতন ভবন), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।

৯। জেলা প্রশাসক (সকল)।

১০। উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১২। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।

১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, মিরপুর-২, ঢাকা।

১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাফুফে ভবন, ক্লাব প্যাভেলিয়ন, মতিঝিল, ঢাকা।

১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কাবাডি ফেডারেশন, বাংলাদেশ কাবাডি স্টেডিয়াম, ঢাকা।

১৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ রোয়িং ফেডারেশন, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম ভিআইপি গেট-৩, রুম নং-৩৩, ২য় তলা, ঢাকা।

১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ভলিবল ফেডারেশন, বাংলাদেশ ভলিবল স্টেডিয়াম, ঢাকা।

১৮। সভানেত্রী, বাংলাদেশ মহিলা ক্রিড়া সংস্থো ১১/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯।

১৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় প্রতিমন্ত্রী মন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

২। মাননীয় উপমন্ত্রী মন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

৩। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

৪। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)

(মোঃ আলী হায়দার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬৫৬১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৩৭.২২২.১৫- ২০০ তারিখ : ২০/০৩/২০১৮ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। পরিচালক/প্রকল্প পরিচালক.................................(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ...............................................................(সকল), জেলা।
০৪। কম্পিপিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে বর্ণিত নির্দেশনাটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৫। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
০৬। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুউঅ, ......................(সকল) জেলা।
০৭। সহকারি পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী প্রকৌশলী ................ (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, .............
০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ................................ উপজেলা .......................জেলা।
০৯। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১০। অফিস কপি।

তাঁর অধীনস্ত কর্মকর্তাগণকে ক্রমিক (ক), (খ), (গ) ও (ঘ) এর সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২০/০৩/১৮
(মরিয়ম আক্তার)
সহকারী পরিচালক(প্রশাসন)
ফোন : ৯৫৬০৭৫৩